# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 29 March, 2025

পবিত্র ঈদুল ফিতরের তারিখ ঘোষণা করেছে অস্ট্রেলিয়া।দেশটিতে সোমবার (৩১ মার্চ) পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।শনিবার (২৯ মার্চ) দেশটির ফতোয়া পরিষদ এই ঘোষণা দিয়েছে।সংযুক্ত আরব আমিরাতভিত্তিক সংবাদমাধ্যম খালিজ টাইমসের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

অস্ট্রেলিয়ান ফতোয়া কাউন্সিল জানিয়েছে, সোমবার অস্ট্রেলিয়ায় ঈদুল ফিতরের প্রথম দিন হবে।অস্ট্রেলিয়ায় আজ শনিবার রাত ৯টা ৫৭ মিনিটে শাওয়াল মাসের চাঁদের জন্ম হবে কিন্তু দেখা যাবে আগামীকাল রোববার।ফলে রমজান হবে ৩০ দিনের এবং আগামী সোমবার উদযাপিত হবে পবিত্র ঈদুল ফিতর।

অস্ট্রেলিয়ার গ্র্যান্ড মুফতি ড. ইব্রাহিম আবু মোহামেদ মুসলিম সম্প্রদায়কে একটি সুখী, আনন্দময় এবং বরকতময় ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়েছেন।একই সঙ্গে তিনি মুসলিম সম্প্রদায়কে গাজা ও ফিলিস্তিনের ভাইবোনদের জন্য প্রার্থনা, দান এবং অব্যাহত সহায়তা স্মরণ করার আহ্বান জানিয়েছেন।

ভৌগলিক অবস্থানের কারণে বিশ্বে সবার আগে ঈদের ঘোষণা দিয়ে থাকে অস্ট্রেলিয়া।এ বছর সবার আগে রমজান মাস শুরুর ঘোষণাও দিয়েছিল তারা।

এদিকে, মধ্যপ্রাচ্যের দেশগুলোতে শনিবার (২৯ মার্চ) সন্ধ্যার পর ঈদের চাঁদ অনুসন্ধান শুরু হবে।জ্যোতির্বিজ্ঞানীরা বলছেন, মধ্যপ্রাচ্যসহ পৃথিবীর বেশির ভাগ প্রান্ত থেকে শনিবার ঈদুল ফিতরের চাঁদ দেখা যাবে না।অনেকে আবার প্রত্যাশা করছেন, চাঁদ দেখা যেতে পারে।তবে অনেকে মনে করছেন, চাঁদ দেখা না গেলেও সৌদি আরব আগামী রোববার (৩৯ মার্চ) পবিত্র ঈদুল ফিতরের ঘোষণা দিতে পারে।

সৌদি আরবের বাৎসরিক ক্যালেন্ডার অনুযায়ী, শাওয়াল মাসের প্রথম দিন, অর্থাৎ ঈদুল ফিতরের দিন হচ্ছে ৩০ মার্চ।তবে জ্যোতির্বিজ্ঞানীরা বলছেন, টেলিস্কোপ বা অন্যান্য যেসব উপায়ে চাঁদ দেখা যায়, সেসব উপায়ে শনিবার চাঁদ দেখা সম্ভব হবে না।

অনেক মুসলিম দেশ সৌদি আরবের সঙ্গে একই দিন পবিত্র ঈদুল ফিতর উদ্‌যাপনের প্রত্যাশা করছে।আবার অনেক দেশ আগামী রোববার চাঁদ দেখা সাপেক্ষে সোমবার (৩১ মার্চ) ঈদ উদ্‌যাপনের ঘোষণা দিতে পারে।

অস্ট্রেলিয়া ঈদুল-ফিতর ঈদউৎসব ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:13

URL: https://www.timestodaybd.com/international/9134179